# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 16 June, 2025

ইসরায়েলের বিমানবাহিনী তেহরানের আকাশের পূর্ণ নিয়ন্ত্রণ নিয়েছে বলে দাবি করেছেন দেশটির প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু।সোমবার ইসরায়েলের মধ্যাঞ্চলের তেল নোফ বিমানঘাঁটি পরিদর্শনে গিয়ে এই দাবি করেছেন তিনি।

ইসরায়েলি গণমাধ্যম টাইমস অব ইসরায়েলের প্রতিবেদনে বলা হয়েছে, সোমবার মধ্যাঞ্চলীয় তেল নোফ বিমান ঘাঁটি পরিদর্শন করেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু।এ সময় তার সঙ্গে ছিলেন ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ ও চিফ অব স্টাফ লেফটেন্যান্ট জেনারেল এয়াল জামির।

ঘাঁটিতে সামরিক কর্মকর্তাদের সঙ্গে কুশল বিনিময় করেন ইসরায়েলি প্রধানমন্ত্রী।সেখানে তিনি বলেন, ইসরায়েলের বিমানবাহিনী |'তেহরানের আকাশ নিয়ন্ত্রণে নিয়েছে।নেতানিয়াহু বলেন, ‘‘আমরা পরমাণু ও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হুমকি নির্মূল করার দুটি লক্ষ্য অর্জনের পথে এগিয়ে যাচ্ছি।’ তেহরানের বাসিন্দাদের উদ্দেশে তিনি বলেন, তেহরান ত্যাগ করুন।আমরা পদক্ষেপ গ্রহণ করছি।

ইসরায়েলি প্রধানমন্ত্রী বলেন, তেহরানের আকাশ নিয়ন্ত্রণে নেওয়ায় আমরা এখন সেসব লক্ষ্যবস্তুতে আঘাত করছি; যা ইরানি শাসকগোষ্ঠীর। এর বিপরীতে ইরানের অপরাধী শাসকগোষ্ঠী আমাদের সাধারণ নাগরিক–শিশু ও নারীদের হত্যায় মেতে উঠেছে।

তিনি বলেন, ইসরায়েল তেহরানের সাধারণ মানুষকে আগেভাগেই রাজধানী ত্যাগ করার আহ্বান জানিয়েছে।কারণ ইসরায়েলি বিমানবাহিনী রাজধানীর নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে হামলা করছে।

বিমান ঘাঁটিতে সৈন্যদের উদ্দেশে বলেন, আপনাদের ধন্যবাদ।সৃষ্টিকর্তার সহায়তায় আমরা ইরানের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করবো এবং সফল হবো।আমাদের বিজয় না হওয়া পর্যন্ত এগিয়ে যাবো।

ইরানের স্বাস্থ্য মন্ত্রণালয় বলেছে, শুক্রবার থেকে শুরু হওয়া ইসরায়েলি হামলায় এখন পর্যন্ত দেশটিতে অন্তত ২২৪ জন নিহত হয়েছেন। অন্যদিকে, ইরানের হামলায় ইসরায়েলে কমপক্ষে দুই ডজন নিহত ও আরও অনেকেই আহত হয়েছেন।

বিমানবাহিনী ইসরায়েল নেতানিয়াহু ইরান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 17 June, 2025 19:32

URL: https://timestodaybd.com/international/2937393459